উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

নং-৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ০০১.২০১৬-৩৯৮৯ তারিখঃ ০৮/১১/২০১৬

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ প্রতিপালন প্রসঙ্গে।

সূত্রঃ এ বিভাগের পাস-২ শাখার গত ০৭/১১/২০১৬খ্রিঃ তারিখের ৮২০ সংখ্যক স্মারক।

মহামান্য হাইকোর্ট বিভাগে ১১৩২/২০১৪ নং রিট পিটিশনটি হিউম্যান রাইটস এন্ড পীচ ফর বাংলাদেশ কর্তৃক দায়ের করা হয়। উক্ত রিট পিটিশনে ১২ জনকে পক্ষ করা হয়। ঢাকা ওয়াসা ১২ নং পক্ষ, স্হানীয় সরকার বিভাগ পক্ষ নয়। উক্ত রিট পিটিশন নং-১১৩২/২০১৪ এর আলোকে ২৮/০৫/২০১৪ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়ঃ

" —— **So, we are of the view that WASA may be directed to make out a plan either –**

1. To take appropriate steps for constructing a CETP at its own as per law ;
2. To arrange for a public private partnership (PPP) with the Shyampur – Kodomtali Shilpa Malik Samity to construct a CETP ;
3. To Provide land to the Shyampur – Kodomtali Shilpa Malik Samity from its own land in long term lease basis for constructing CETP of its own under supervision of WASA, Ministry of Industry, Department of Environment and other necessary departments of the Government as required ;
4. To connect industries located at Shyampur – Kodomtali industrial area to its pagla Waste Treatment Plant, if that is at all feasible, on consultation with the required agencies of the Government ; and
5. Any other feasible option possible to construct the required CETP at Shyampur – Kodomtali industrial area --------------"

And let this Court know in two (2) months time, as to what action or plan they have taken with regard to the above direction on an urgent basis since every day the industrial waste to the area is polluting the environment and causing serious damage to the ecology of the concerned area ............."

০২। ঢাকা ওয়াসা ইতঃপূর্বে জানিয়েছিলেন যে, হাইকোর্টের ৩নং নির্দেশনা মোতাবেক, সরকারের অনুমোদন সাপেক্ষে, শ্যামপুর-কদমতলী শিল্প মালিক সমিতির প্রস্তাব অনুযায়ী ঢাকা ওয়াসার বিদ্যমান জায়গা লীজ কিংবা স্হায়ী বন্দোবস্ত দেয়া যেতে পারে। উল্লেখ্য যে, এ রিট পিটিশনে ১২ জনকে পক্ষ করা হয়েছে। ঢাকা ওয়াসা ১২ নম্বর পক্ষ, স্হানীয় সরকার বিভাগ পক্ষ নয়। তবে মহামান্য হাইকোর্ট পূর্বের ২৮/০৫/২০১৪ তারিখের আদেশের ধারাবাহিকতায় পুনরায় ০৭/০৯/২০১৬ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করে। এ আদেশে স্হানীয় সরকার বিভাগকে compliance report দিতে বলা হয়।

"Let there be a direction upon the Managing Director, Dhaka WASA and ,the Secretary, Local Government Division, Ministry of Local Government Rural Development and Cooperatives to submit compliance with regard to implementation of this Court's order dated 28/05/2015 with regard to establishment of CETP at Shyampur – Kodomtali industrial area within 60 (sixty) days from date.

০৩। বর্তমানে ঢাকা ওয়াসা ০৩/১১/২০১৬ তারিখের পত্রে মহামান্য হাইকোর্ট বিভাগ প্রদত্ত ৫টি নির্দেশনার বিপরীতে অবস্হান তুলে ধরেছে যা নিম্নরূপঃ

| ক্রঃ | মহামান্য হাইকোর্ট প্রদত্ত নির্দেশনা | ঢাকা ওয়াসার অবস্থান |
|---|---|---|
| ১। | CETP নির্মাণের পদক্ষেপ গ্রহণ করতে হবে । | মহামান্য হাইকোর্টের আদেশের ১নং নির্দেশনা মোতাবেক ঢাকা ওয়াসা আইন অনুসারে এ ধরণের CETP (Common Efficent Treatment Plant) তৈরীর সুযোগ নেই। |
| ২। | শ্যামপুর-কদমতলী শিল্প মালিক সমিতির সাথে পাবলিক-প্রাইভেট পার্টনারশীপে CETP নির্মাণের উদ্যোগ গ্রহণ | এ নির্দেশনা প্রতিপালনের বিষয়ে ঢাকা ওয়াসার পূর্ব অভিজ্ঞতা নেই। এছাড়া এ বিষয়টি অত্যন্ত জটিল ও বাস্তবায়ন সময় সাপেক্ষ। |
| ৩। | CETP নির্মাণের জন্য শ্যামপুর-কদমতলী শিল্প মালিক সমিতিকে দীর্ঘ মেয়াদী লীজ ভিত্তিতে জমি প্রদান। | CETP স্হাপনের জন্য শ্যামপুর-কদমতলী এলাকায় ঢাকা ওয়াসার মালিকানাধীন জায়গা প্রদান সম্ভব নয়। ঢাকা মহানগরের লোকসংখ্যা বৃদ্ধি পাওয়ায় পুরাতন অবয়বের পাগলা পয়ঃ শোধনাগারটি সম্প্রতি বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় আধুনিকায়ন ও যুগোপযোগী করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ফলে পাগলা পয়ঃ শোধনাগার এর ভূমি বর্জ্য পরিশোধন প্ল্যান্ট নির্মাণের জন্য প্রদান করা সম্ভব নয়, বরং পাগলা পয়ঃ শোধনাগার আধুনিকায়নের জন্য বিদ্যমান ভূমিসহ আরো অতিরিক্ত ভূমির প্রয়োজন হবে। |

| | | |
|---|---|---|
| ৪। | শ্যামপুর-কদমতলী শিল্প এলাকায় অবস্থিত শিল্প কারখানাসমূহ পাগলা বর্জ্য শোধনাগার প্ল্যান্টের সাথে সংযোগ প্রদান। | পাগলা ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্টটি তৈরী হয়েছে মূলতঃ হাউজ হোল্ড এর বর্জ্য পরিশোধনের উপযোগী করে। এ ধরনের ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট এর মাধ্যমে ইন্ডাস্ট্রিয়াল বর্জ্য পরিশোধন করা সম্ভব নয়। ফলে শ্যামপুর-কদমতলী এলাকার শিল্প কারখানা পাগালা পয়ঃ বর্জ্য শোধনাগার প্ল্যান্টের সাথে সংযোগ প্রদান সম্ভব নয়। |
| ৫। | শ্যামপুর-কদমতলী শিল্প এলাকায় CETP করার জন্য অন্য কোন সুবিধা প্রদানের উদ্যোগ গ্রহণ। | ৫নং নির্দেশনা অনুসরণ করার মত পূর্ব অভিজ্ঞতা ঢাকা ওয়াসার নেই। |

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১১৩২/২০১৪-তে মহামান্য হাইকোর্ট প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে এবং ঢাকা ওয়াসার অনুরোধের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের করণীয় বিষয়ে পত্র প্রাপ্তির ০২(দুই) কার্যদিবসের মধ্যে মতামত প্রদানের জন্য এ বিভাগের বেসরকারি প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**০৫। বিষয়টি অতিব জরুরি।**

সংযুক্তঃ বর্ণনামতে ----------------- ফর্দ।

০৮.১১.১৪

(মোঃ ঈশান আলী রাজা বাঙালী)
উপসচিব
☎৯৫৪০৯৯৫
Email:ishanaliraja@gmail.com

ব্যারিষ্টার বিপ্লব বড়ুয়া
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০২। সিনিয়র সহকারী সচিব (পাস-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
০৩। কম্পিউটার প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।